



স্বয়ংক্রিয় ও সতত্ব সোলার এগ্রিকালচার পাম্প

ত্রিপুরা পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থা (ট্রেডা) ত্রিপুরায় বসবাসকারী ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং দলবদ্ধ চাষীদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করছে। এই প্রকল্পে কৃষি জমিতে সেচের জন্য প্রধান মন্ত্রী কিষান উর্জা সুরক্ষা এবং উত্থান মহাঅভিযান (পিএম-কুসুম) প্রকল্পে এক হর্সপাওয়ার থেকে সাত দশমিক পাঁচ হর্সপাওয়ার ক্ষমতা সম্পন্ন পাম্পের উপর কেন্দ্রীয় ও রাজ্য সরকারের পক্ষে ভত্তুকী দেওয়া হবে।

সুবিধাভূগী কৃষকদের প্রদেয় অর্থের পরিমান:

প্রতি এক হর্সপাওয়ার ক্ষমতা সম্পন্ন পাম্পের জন্য দিতে হবে ২৫০০ টাকা। এই হার সাত দশমিক পাঁচ হর্সপাওয়ার ক্ষমতা সম্পন্ন পাম্প অধি প্রযোজ্য। যেমন: দুই হর্সপাওয়ার হলে-৫০০০ টাকা, তিন হর্সপাওয়ার হলে- ৭৫০০ টাকা, পাঁচ হর্সপাওয়ার হলে ১২৫০০ টাকা এবং সাত দশমিক পাঁচ হর্সপাওয়ার হলে- ১৮৫০০ টাকা ইত্যাদি।

প্রকল্প নির্বাচনের মানদণ্ড-

- ১। ডিজেল চালিত এগ্রিকালচার পাম্পের প্রতিস্থাপন অথবা যেখানে এখনো অধি গ্রীড পাওয়ার পৌঁছে নাই কিংবা যেখানে গ্রীড পাওয়ার নির্ভরযোগ্য নয়।
- ২। প্লানের ক্ষমতা নির্ধারিত হবে ঐ স্থানের জলের স্তর, কতটুকু জমি সেচের আওতায় আনা হবে এবং সেচের জন্য কী পরিমান জলের প্রয়োজন হবে ইত্যাদি বিষয়ের উপর।
- ৩। ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। ভোক্তাদের নিজস্ব চাষের জমি থাকিতে হইবে।
- ৫। জল ব্যবহারকারী সমিতি, সমবায় এবং একত্রিত সেচ প্রকল্পও এই ক্ষিমের আওতায় আসবে।
- ৬। ভোক্তাদের নিজস্ব জলের উৎস থাকিতে হইবে যদি জলের উৎস না থাকে তাহলে উৎস তৈরী করার দায়িত্ব ভোক্তার।

আবেদন পত্র সংগ্রহ ও জমা দেওয়ার ঠিকানা:

আবেদন পত্র ডাউনলোড করা যাবে এই লিঙ্ক থেকে www.treda.nic.in অথবা আবেদন পত্র সংগ্রহ করা যাবে নিম্নলিখিত অফিসগুলি থেকে ১। Director General & CEO, TREDa, Vigyan Bhawan, Gorkhabasti, Agartala ২। প্রকল্প আধিকারিক (ট্রেডা) জিলা বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তর, উদয়পুর, কুমারঘাট ও আমবাসা। পূরণ করা আবেদন পত্র আগামী ৩১শে জানুয়ারী ২০২০ এর মধ্যে উপরে উল্লেখিত অফিসগুলিতে যেকোন কাজের দিনে প্রয়োজনীয় প্রমাণপত্র সহ জমা দেওয়া যাবে।

এখানে উল্লেখ থাকে যে, প্রকল্পের মানদণ্ড বিচার করে সুবিধাভূগী বাছাই করা হইবে।

ত্রিপুরা পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থার গোর্খাবস্তিস্থিত অফিস থেকে প্রচারিত।